# ২০২৫

# বাংলা

(সাম্মানিক)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-H-CC-T-13

(পরিবেশ ভাবনা ও বাংলা সাহিত্য)

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) রূপসী বাংলা কবিতাটি কোন ছন্দে রচিত? ওই ছন্দের দুটি বৈশিষ্ট্য লেখো।

খ) কবি অমিয় চক্রবর্তীর 'গাছ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? কাব্যগ্রন্থটির প্রকাশ সাল কত?

গ) 'আগামী' কবিতাটিতে অঙ্কুরিত চারা গাছটি কিসের প্রতীক?

ঘ) 'ছায়ার জন্য' কবিতায় কবি কেন অরণ্যে যেতে চেয়েছেন?

ঙ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসটিতে মোট কতগুলি অধ্যায় আছে? এরমধ্যে কোন অধ্যায়ের একাধিক ভাগ আছে?

চ) 'কে জানে? হয়তো গাছটার সেই অন্তর্দৃষ্টি ছিল' — এই অন্তর্দৃষ্টির ফলে গাছটি কী অনুভব করতে পারছিল?

(পরের পাতায়)

ছ) 'এখানে দুটো তিতির রোজ নেমে আসে'— গল্পের নাম কি? উক্ত গল্পে তিতির ব্যতিত আর দুটি চরিত্রের নাম লেখো।

জ) 'নিয়েছি, বেশ করেছি' — কোন গল্পে কে কী নিয়েছে?

ঝ) 'মরসুমের বাদল রাত্রিতে পিচমোড়া রাস্তাটি' কিভাবে নির্বোধ কুটিল হয়ে ওঠে?

ঞ) 'হলকর্ষণ' প্রবন্ধে 'জন সমবায়' বলতে রবীন্দ্রনাথ কী বুঝিয়েছেন?

ট) 'বোবা বন্ধু' কারা? তারা কি করে?

ঠ) 'মানুষই নিজের লোভের দ্বারা মরণের উপকরণ জুগিয়েছে।'— কথাটির অর্থ বুঝিয়ে দাও।

ড) 'প্রকৃতি পাঠ' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে? রচনাটি কবে প্রথম প্রকাশিত হয়?

ঢ) রিভারসাইড রোডে রেনুর বাড়িতে কী কী আশ্চর্য রকমের শব্দ শোনা যেতো?

ণ) 'নগ্ন পৃথিবীর লজ্জা রক্ষা হল' — কোন প্রবন্ধের অন্তর্গত? কিভাবে এই লজ্জা রক্ষা পেয়েছিল?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'জয়ধ্বনি কিশলয়ে, সম্বর্ধনা জানাবে সকলে' — উদ্ধৃত চরণটির অর্থ বিশ্লেষণ করো।

খ) 'ছায়ার জন্য' কবিতাটিকে কি ইকো পোয়েট্রি বলা যায়? তোমার অভিমত সংক্ষেপে ব্যক্ত করো।

গ) "হ্যাঁ খেলা ! খেলা বৈকি!" ......

এই খেলাটি কী? কে কিভাবে এই খেলা উপভোগ করতো?



ঘ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসের মধ্যে লেখক মূল কী কী বিষয়ের প্রতি আলোকপাত করতে চেয়েছেন?

ঙ) 'তারপরে এলো এক যুগ' — সে যুগের নাম কী? সেই যুগে তারপর কী কী ঘটনা ঘটেছিল?

চ) 'তারা ধরণীর ধ্যান মন্ত্রের ধ্বনি' — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'গাছ' কবিতাটির মূলভাব উল্লেখ করে কবিতাটির কাব্য সৌন্দর্য্য বিশ্লেষণ করো।

খ) ছোটগল্পকার হিসেবে সাধন চট্টোপাধ্যায়ের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে 'মহাপ্রাণের ঋণ' গল্পটি ছোটগল্প হিসেবে কতখানি শিল্পসার্থক হয়েছে তা জানাও।

গ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসের পরিণতি সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো।

ঘ) তোমাদের পঠিত রবীন্দ্রনাথ ঠাকুরের তিনটি প্রবন্ধে প্রকৃতি ও পরিবেশ সম্পর্কে রবীন্দ্র ভাবনার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

———————